

# ভরসার বহি

মাহমুদা রুণু

উচাটন মন, অপেক্ষার চোখ  
মুহুর্তে মানচিত্রের পথ আকে  
আকাবাকা সীমান্ত বেঁধে ।  
ধীর ল'য়ে একপা দুপা মৃদুতালে  
জীবনের সফেন সমুদ্রে  
প্রভাকর আসে ভরসার বহি হাতে ।

দৃষ্টির তারা ফোটে একাদশীর রাতে  
দেখা মেলে  
সস্তাব্য সময় ।  
যা হারিয়ে যায় বার বার  
স্বপ্নদ্রষ্টা মানুষের দৃষ্টির অগোচরে ।

সাধারণ-জন অসাধারণ বিপ্লবী  
চেতনার অর্ঘ্য গড়ে ।  
সস্তাবনাময় স্থির লক্ষ্য  
সংসদ নামের প্রসাশন  
তুলে দেয় স্থির বিশ্বাসে ।  
ওখানে সে অর্ঘ্য নিয়ে চলে  
বাজিমাতে প্রত্যাগিতার খেলা,  
সস্তা বিকিকিনি,  
আর বহুমূল্য লেনাদেনা ।  
অদৃশ্য বিরুদ্ধ শক্তির সুনিপুন পাশাখেলা ।  
দিনের শেষে কোনঠাসা  
স্বপ্নদ্রষ্টা আমজনতার প্রত্যাশা ।  
বারবার প্রভাকর আসে  
এসে ফিরে যায়  
ভরসার বহি হাতে ।  
সহস্র-বৈচিত্রে বিচিত্র দেশটা, বিচিত্র মানুষ  
বৈরী বৈচিত্রে অবজ্ঞা, অবমাননায় বিদ্ধস্থ  
বঙ্গ-সংসদ ।

ব্যালট বিপ্লবে ভূমিধ্বস সাফল্যে  
দুঃস্বপ্ন-রজনী অবসান প্রায় সমাসন্ন ।  
উজ্জল দিবসের বাসনায় অটল  
যুদ্ধপরাধীর বিচার ।  
জন-তন্ত্রের প্রকাণ্ড  
ভরসার বহি ওই সংসদ বেদীতে ।  
টগবগে প্রজন্মের প্রেরনার  
বলিষ্ঠ হাতিয়ারে

সুনির্দিষ্ট বিচারে  
অবলুপ্ত হোক স্বাধীন-বিরুদ্ধবাদ ।

বডড বিপন্ন, বড়বেশী ক্লান্ত  
অনেক পরিশ্রান্ত অগনিত মানুষ ।  
অপেক্ষিত স্বজনশূন্য ঘরে ।  
উপেক্ষিত, জীবন যুদ্ধে পরাজিত ।  
ওরাই দিয়েছে ভরসার প্রকাণ্ড আশ্বাস  
সংসদ বেদীতে ।  
ভালবাসার বহির্শীখায়,  
দৃষ্টির প্রজ্জলতায়,  
বিবেকের প্রজ্ঞায়,  
ফিরিয়ে দাও  
স্বপ্নের ত্রিভুজতট ।  
ভরসার বহি প্রভায়, প্রকাণ্ড বিশ্বাসে  
আশ্বাস দাও স্বপ্নের ত্রিভুজতট ।  
ভরসার বহি  
শ্বাস্তরূপে অনির্বান হোক  
সত্যের বিশ্বাসে  
জনতার সংসদে, অনন্ত আশ্বাসে ।

৭ জানুয়ারী ২০০৯